গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

**শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনের সঙ্গে ৪র্থ মতবিনিময় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ হাসানুল ইসলাম এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |
| তারিখ | : ২৪ জুন ২০২১ খ্রিস্টাব্দ |
| সময় | : সকাল ১১.০০ মিনিট। |
| সভার স্থান | : ভার্চুয়াল সভা। |

উপস্থিতির তালিকা: ভার্চুয়াল সভা।

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ ফজলুর রহমান, সিনিয়র সহকারী সচিব-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। তিনি প্রথমে ২৪ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ে অংশীজনের সঙ্গে ৩য় মতবিনিময় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিল্পনা, ২০২০ এর ২০২১-৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ১৫ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগে প্রেরণের কার্যক্রম ছিল। অধিকাংশ অধিদপ্তর সংস্থা-দপ্তর-৩য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করেছেন, এজন্য তিনি তাদের ধন্যবাদ জানান। কিন্তু কিছু কিছু দপ্তর সংস্থা-৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগে প্রেরণ করেননি। এ বিষয়ে সভাপতি যে সকল দপ্তর-সংস্থা ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগে প্রেরণ করেনি তাদের দৃষ্টি আকর্ষন করলে তারা ২-৩ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে জানান। সিনিয়র সহকারী সচিব আরো বলেন যে, ৩০ জুন ২০২১ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিল্পনা, ২০২০-২০২১ এর ৪র্থ ত্রৈমাসিক সম্পন্ন হবে। তিনি ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ ও এ বিভাগে প্রমাণকসহ প্রেরণের জন্য সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থাকে অনুরোধ জানান। তিনি অধিদপ্তর-দপ্তর-সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিল্পনা ২০২০-২০২১ এর অগ্রগতির বিষয়ে দৃষ্টি আকর্ষন করেন। অধিদপ্তর-দপ্তর-সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের কর্মপরিকল্পনার অগ্রগতি সভায় উপস্থাপন করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও সুশাসন সংক্রান্ত কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**৩.০ সিদ্ধান্তসমূহ:**

৩.১ অধিদপ্তরসংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিল্পনা-দপ্তর-, ২০২০২০২১- এর ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন এবং বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে;

৩.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-
(মোঃ হাসানুল ইসলাম এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং:৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২০-১৪৬

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ / ২৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
৪. উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

27/6/21

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬১৫৮
apa.sec@shed.gov.bd